



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

বিসিক জেলা কার্যালয়, ময়মনসিংহ।

**Bangladesh Small & Cottage Industries Corporation (BSCIC)**

**Website: www.bscic.mymensingh.gov.bd . Tel: +8802996666853**



মেলায় নাম: বিসিক উদ্যোক্তা মেলা, ময়মনসিংহ  
আয়োজনের স্থান: টাউন হল প্রাংগন, ময়মনসিংহ।  
আয়োজনের সময়কাল: ২৭ ফেব্রুয়ারি হতে ০৪ মার্চ, ২০২৪।

আবেদন পত্র

১	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম	বাংলা	
		ইংরেজি	
২	প্রতিষ্ঠানের ঠিকানা		
৩	উদ্যোক্তার নাম	বাংলা	<input type="checkbox"/> নারী
		ইংরেজি	<input type="checkbox"/> পুরুষ
৪	ফোন		৫ মোবাইল
৬	ইমেইল		৭ ওয়েবসাইট
৮	প্রতিষ্ঠাকাল		৯ সেক্টর <input type="checkbox"/> কুটির <input type="checkbox"/> মাইক্রো <input type="checkbox"/> ক্ষুদ্র <input type="checkbox"/> মাঝারি
১০	পণ্য/সেবা সমূহ (০৩ টি)		
১১	পণ্যের বাজার	<input type="checkbox"/> স্থানীয়/জাতীয় <input type="checkbox"/> আন্তর্জাতিক	১২ টার্নওভার (টাকা)
১৩	কর্মীসংখ্যা	নারী	১৪ বিসিক সম্পর্কে পূর্ব অভিজ্ঞতা:
		পুরুষ	
		তৃতীয় লিঙ্গ	১৫ বিসিক নিবন্ধন নম্বর
১৫	পে অর্ডারের বিবরণ	ব্যাংকের নাম	
		পে অর্ডার নম্বর	
		শাখা	
		তারিখ	

আমি নিম্ন স্বাক্ষরকারী ঘোষণা করছি যে, আবেদনে উল্লিখিত সকল তথ্য সঠিক এবং অংশগ্রহণের সকল শর্তাদি মেনে এই মেলায় অংশগ্রহণ করবো।

উদ্যোক্তার স্বাক্ষর ও তারিখ

### অংশগ্রহণের শর্তাবলী:

১) আবেদন পত্রের সাথে নিম্নোক্ত হিসাব নাম্বারের অনুকূলে স্টল ফি বাবদ বিসিক নিবন্ধিত উদ্যোক্তা ৩৫০০/- ও অনিবন্ধিত উদ্যোক্তা ৬৩০০/- সমমূল্যের পে-অর্ডার দাখিল করতে হবে।

ব্যাংক হিসাবের শিরোনাম: **শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, ময়মনসিংহ।**

ব্যাংকের নাম ও শাখা: **পূবালী ব্যাংক লিমিটেড, চরপাড়া শাখা, ময়মনসিংহ।**

হিসাব নং- **২০৫৬১০২০০০১৬০ (STD)**

২) মেলায় শুধুমাত্র দেশীয় পণ্য উৎপাদনকারী অথবা সেবা প্রদানকারী কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের (CMSME) উদ্যোক্তাগণ অংশগ্রহণ করতে পারবেন।

৩) মেলায় নিম্নোক্ত উদ্যোক্তাগণ অগ্রাধিকার পাবেন-

ক) জাতীয় শিল্পনীতি-২০১৬' অনুযায়ী উচ্চ অগ্রাধিকার/ অগ্রাধিকারপ্রাপ্ত CMSME খাতসমূহের উদ্যোক্তা;

খ) বিসিক নিবন্ধন প্রাপ্ত CMSME খাতের উদ্যোক্তা;

গ) বিসিকের প্রশিক্ষণপ্রাপ্ত CMSME খাতের উদ্যোক্তা;

ঘ) রপ্তানিমুখী CMSME খাতের উদ্যোক্তা;

ঙ) সৃজনশীল/ ইনোভেটিভ পণ্য/ সেবা উৎপাদক CMSME খাতসমূহের উদ্যোক্তা;

চ) CMSME খাতসমূহের নারী উদ্যোক্তা;

ছ) আইএসও সার্টিফিকেশন প্রাপ্ত CMSME প্রতিষ্ঠানের উদ্যোক্তা।

৪) বিদেশী পণ্য মেলায় প্রদর্শন/বিক্রয় করা যাবে না। শর্ত অমান্যকারীদের কোনরূপ নোটিশ ছাড়াই মেলা চলাকালীন বরাদ্দকৃত স্টল বাতিল করা হবে।

৫) পণ্য সেবা যথেষ্ট গুণগতমান সম্পন্ন হতে হবে। প্রদর্শিত পণ্যের বিএসটিআই সার্টিফিকেট বাধ্যতামূলক হলে তা থাকতে হবে।

৬) ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স (যদি থাকে), বিসিক নিবন্ধন সনদ (যদি থাকে), জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি জমা দিতে হবে।

৭) অপর কোন পক্ষের কাছে বরাদ্দকৃত স্টল বাণিজ্যিক উদ্দেশ্যে হস্তান্তর/ সাবলেট দেয়া যাবে না। এই নিয়মের ব্যত্যয় ঘটলে স্টল বরাদ্দ বাতিল হবে এবং সেক্ষেত্রে স্টলের ফি ফেরতযোগ্য হবে না।

৮) স্টল বরাদ্দ প্রাপ্তির পর অংশগ্রহণ না করলে স্টল ফি ফেরতযোগ্য হবে না। তবে বরাদ্দ প্রত্যাশী উদ্যোক্তা পাওয়া গেলে বিসিক কর্তৃপক্ষের মাধ্যমে স্টল হস্তান্তর করা যাবে।

৯) প্রতিদিন মেলা শুরুর সময় থেকে শেষ পর্যন্ত একজন অ্যাটেন্ডেন্ট অবশ্যই স্টলে থাকতে হবে।

১০) একটি প্রতিষ্ঠানের নামে সর্বোচ্চ ০১ টি স্টলের জন্য আবেদন করা যাবে।

১১) মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ শুধু তাদের স্টলে নিজস্ব প্রচার সামগ্রী প্রদর্শন ও বিতরণ করতে পারবে।

১২) মেলায় শব্দদূষণ/ পরিবেশ দূষণ হয় এমন কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না।

১৩) স্টলের মালিকগণ নিজ নিজ দায়িত্বে তাদের স্টলের পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখবেন।

১৪) মেলা প্রাঙ্গণে অবৈধ/বেআইনী কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে দেশে প্রচলিত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫) বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি-নীতি পরিপন্থী কোন কিছু প্রদর্শন করা যাবে না।

১৬) মেলায় কোন প্রকার নকল পণ্য প্রদর্শন/বিক্রয় করা যাবে না। এক্ষেত্রে পাইরেসি, কপিরাইট, ট্রেড মার্কস ইত্যাদি আইনের দ্বারা সৃষ্ট আইনী জটিলতার দায়-দায়িত্ব বিসিক কর্তৃপক্ষ বহন করবে না।

১৭) বিসিক মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের তথ্য উপাত্ত সংগ্রহের প্রয়োজনে সরেজমিন জরিপ অধিকার সংরক্ষণ করে।

১৮) মেলা প্রাঙ্গণে অংশগ্রহণকারীর মালামাল চুরি/হারানোর জন্য মেলা আয়োজক দায়ী থাকবে না।

১৯) বিসিক কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২০) মেলার সার্বিক ব্যবস্থাপনার ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনে বিসিক কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১) বিসিক কর্তৃক আয়োজিতব্য মেলা এবং এ সংক্রান্ত যে কোন কার্যক্রম কোনও কারণ দর্শানো ব্যতীত স্থগিত, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।